

Bengali: Easy-to-Read Version

Language: বাংলা (Bengali)

Provided by: Bible League International.

Copyright and Permission to Copy

Taken from the Bengali: Easy-to-Read Version © 2001, 2016 by Bible League International.

PDF generated on 2017-08-25 from source files dated 2017-08-25.

9c530795-7893-5768-8bb6-58791486713d

ISBN: 978-1-5313-1309-8

ওবদীয় ভাববাদীর পুস্তক

ইদোম শান্তি পাবে

১ ওবদীয়ের দর্শন। আমার পরভু সদাপরভু ইদোম সম্বন্ধে এই কথাগুলো বলেছেন।
আমরা স্বয়ং পরভু ঈশ্বরের কাছে থেকে একটি খবর শুনলাম।
বিভিন্ন জাতির কাছে একটি বার্তা পাঠানো হয়েছিল।
সে বলেছিল, “চলো, ইদোমের বিরুদ্ধে যুদ্ধ করি।”

পরভু ইদোমের সঙ্গে কথা বললেন

২ “ইদোম, আমি তোমাকে ক্ষুদ্রতম জাতিতে পরিণত করব।
পরত্যাগে তোমাকে ঘৃণা করবে।
৩ তোমার অহঙ্কার তোমাকে ওপরে তুলেছে।
তুমি সেই সব গুহায় বাস কর, যেগুলি দূরারোহ উঁচু পাহাড়ে অবস্থিত।
তোমার বাড়ী পর্বতের থেকে বেশ অনেক ওপরে।
সেজন্য তুমি মনে মনে বলো,
‘কেউ আমাদের নামাতে পারে না।’”

ইদোমকে নীচে নামানো হবে

৪ পরভু ঈশ্বর এই কথাটি বলেছেন:
“তুমি যদিও ঈগলের মতো উঁচুতে ওড়ো এবং তারাদের মধ্যে তোমার বাসা করে রাখো,
তাহলেও আমি সেখান থেকে তোমাকে নীচে নামাব।
৫ সত্যিই তোমার বিনাশ হবে!
চোররা তোমার কাছে আসবে!
আর, ডাকাতরা রাত্তিরবেলায় আসবে!
ওই চোরেরা যা চায় তার সবই নিয়ে যাবে!
যখন শরমিকরা তোমাদের ক্ষেতে দ্রাক্ষাসমূহ সংগ্রহ করে
তারা অন্তত কয়েকটা দ্রাক্ষা ফেলে রেখে যায়।
৬ কিন্তু শতরূরা এষৌর (ইদোমের অধিবাসীরা এষৌর বংশধর) লুকোনো গুপ্তধন তন্ন তন্ন করে খুঁজবে
এবং তারা সবই খুঁজে পাবে।
৭ যে সব লোকরা তোমাদের সহকারী
তারা সবাই তোমাদের দেশ থেকে জোর করে বার করে দেবে।
তোমাদের অন্তরঙ্গ বন্ধুরা তোমাদের সঙ্গে চালাকী করবে
এবং তোমাদের অন্যায় কাজ করতে বাধ্য করবে।
তোমাদের সঙ্গীরা তোমাদের
ফাঁদে ফেলবার পরিকল্পনা করবে।
তারা বলে, ‘তিনি কিছুই সন্দেহ করবেন না!’”
৮ পরভু বলেছেন,
“ঐদিন আমি জ্ঞানী লোকদের ধ্বংস করব।
আমি এষৌর পর্বতের বৃদ্ধিমান লোকদের ধ্বংস করব।
৯ তৈমন, তোমার শক্তিমান মানুষগুলি আতঙ্কিত হবে।
এষৌর পর্বতের পরত্যাগকর্তা মানুষই ধ্বংস হবে।
অনেক লোককে হত্যা করা হবে।
১০ লজ্জায় তোমারা চাপা পড়বে
এবং তোমারা চিরকালের জন্য ধ্বংস হয়ে যাবে।

কিন্তু কেন? কারণ তুমি তোমার ভাই যাকোবের সঙ্গে অত্যন্ত নিষ্ঠুর আচরণ করেছ।

১১ তুমি ইস্রায়েলের শত্রুদের সঙ্গে হাত মিলিয়েছিলে।

অচেনা মানুষ ইস্রায়েলের ধন নিয়ে গেছে।

বিদেশীরা ইস্রায়েল শহরের দরজা দিয়ে প্রবেশ করেছিল।

সেই সব বিদেশীরা খুঁটি চেলে ঠিক করেছিল, জেরুশালেমের কোন্ অংশটা তারা দখল করবে।

এবং তুমি তাদের সঙ্গে ঠিক সেইখানে নিজের ভাগটি বেছে নেবার জন্য অপেক্ষা করেছিলে।

১২ তুমি তোমার ভাইয়ের বিপদের সময়ে হেসেছিলে।

সেটা কখনও তোমার করা উচিত হয়নি।

যখন শত্রুরা যিহূদা ধ্বংস করছিল সেই সময়ে তুমি খুশী ছিলে।

তোমার কখনও সেটা করা উচিত হয়নি।

তাদের বিপদের সময় তুমি বড়াই করেছিলে।

তোমার কখনও সেটা করা উচিত হয়নি।

১৩ তোমরা আমার প্রজাদের শহরের দরজা দিয়ে প্রবেশ করেছিলে,

এবং তাদের সমস্যা দেখে তোমরা হেসেছিলে।

তাদের সমস্যার সময়ে তোমাদের কখনও সেটা করা উচিত হয়নি।

তাদের বিপদের সময়ে তোমরা তাদের ধনসম্পদ নিয়ে নিয়েছিলে।

তোমাদের কখনও সেটা করা উচিত হয়নি।

১৪ চৌমাথার মোড়ে তোমাদের দাঁড়ানো উচিত হয় নি

এবং যে সব লোকরা পালাবার চেষ্টা করছিল তাদের তোমরা হত্যা করেছিলে, তোমাদের সেটা করা উচিত হয়নি।

যে সব লোকরা জীবিত অবস্থায় পালাচ্ছিল তোমরা তাদের ধরেছিলে, তোমাদের সেটা করা উচিত হয়নি।

১৫ সব জাতির ওপর

প্রভুর দিন আসছে।

তোমরা অন্যদের প্রতি যা খারাপ কাজ করেছিলে,

তোমাদের প্রতিও সেগুলি ঘটবে।

ওই একই খারাপ জিনিস

তোমাদের মাথাতেও পড়বে।

১৬ ওই একই মন্দ বিষয়গুলি তোমাদের মাথার ওপর এসে পড়বে।

কেন? কারণ তোমরা আমার পবিত্র পর্বতের ওপর রক্তপাত ঘটিয়েছ।

তাই অন্যান্য জাতিরা তোমাদের রক্তও বারাবে।*

তোমরা শেষ হয়ে যাবে।

মনে হবে যেন তোমাদের কোন অস্তিত্বই ছিল না।

১৭ কিন্তু সিয়োন পর্বতে কিছু লোক জীবিত থেকে যাবে।

তারা বিশেষ লোক বলে গণ্য হবে।

যাকোবের বংশধররা নিজেদের অধিকারভুক্ত জিনিসগুলো

ফিরিয়ে নিয়ে যাবে।

১৮ যাকোবের পরিবার আশুনের মত হয়ে উঠবে।

যোষেফের জাতি হবে অগ্নিশিখার মত।

কিন্তু এষৌর উপজাতিরা হবে তুণের মত।

যিহূদাবাসীরা ইদোমকে পুড়িয়ে ফেলবে।

যিহূদাবাসীরা ইদোমকে ধ্বংস করে দেবে।

তখন এষৌর উপজাতির মধ্যে

কেউ জীবিত থাকবে না।”

কেন?

*১:১৬ কারণ ... বারাবে আক্ষরিক অর্থে, “যেহেতু তোমরা আমার পবিত্র পর্বতের ওপর দ্রাক্ষারস পান করেছিলে সেইহেতু অন্যান্য জাতিরা আমার পানপাত্র থেকে পান করবে।”

কারণ প্ৰভু ঈশ্বৰই এই কথাটি বলেছেন।

১৯ তখন নেগেভ-এর লোকরা

এষৌর পৰ্বতে বাস করবে

এবং পাহাড়ের পাদদেশের লোকরা

এসে পলেষ্টীয়দের দেশগুলি অধিকার করে নেবে।

ওই সব লোকরা ইফ্ৰয়িমের এবং শমরীয়ার দেশে বাস করবে।

গিলিয়দ বিন্য়ামীনের অধিকারভুক্ত হবে।

২০ ইস্ৰায়েলের লোকরা তাদের বাড়ী ছাড়তে বাধ্য হয়েছিল;

কিন্তু ওই সব লোকরাই সারিফত্ পর্যন্ত কনানীয় দেশ অধিকার করবে।

যিহূদার লোকরা জেরুশালেম ত্যাগ করে সফারদে গিয়ে বাস করতে বাধ্য হয়েছিল।

কিন্তু তারা নেগেভের শহরগুলি অধিকার করবে।

২১ বিজয়ীরা সিয়োন পৰ্বতের উপরে যাবে।

এবং যে সব লোকজন এষৌর পৰ্বতে থাকে তাদের শাসন করবে

ও রাজ্যটি প্ৰভুর অধিকারভুক্ত হবে।